দৈনিক সংবাদ

তারিখ 23 NOV 1997
পৃষ্ঠা ৮১ কলাম ৩

46

মৌলভীবাজারে শিক্ষামন্ত্রী

# প্রস্তাবিত শিক্ষানীতি সংসদে উত্থাপন করা হবে

মৌলভীবাজার, ২২শে নভেম্বর ( জেলা বার্তা পরিবেশক) ঃ শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক বলেছেন, কুদরতে খুদা শিক্ষা কমিশনের আলোকে প্রণীত ৫৬ জন শিক্ষানুরাগীর রিপোর্ট সরকার পেয়েছে। এটি কমিটির মাধ্যমে পরীক্ষা-নিরীক্ষা করে অচিরেই শিক্ষানীতি সংসদে উত্থাপন করা হবে এবং তা ঐকমত্যের ভিত্তিতে গ্রহণ করার সর্বাত্মক প্রচেষ্টা নেয়া হবে।

আজ মৌলভীবাজার জেলার রাজনগর থানার পাঁচগাঁওয়ে মওলানা মুফজ্জল হোসেন মহিলা কলেজ প্রাঙ্গণে ডঃ কাজী খলিকুজ্জামান আহমদের সভাপতিত্বে শিক্ষা ও উন্নয়ন বিষয়ক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। অন্যদের মধ্যে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন দেওয়ান ফরিদ গাজী এমপি, সুলতান মোঃ মনসুর আহমদ এমপি, সাবেক হুইপ মোঃ আজিজুর রহমান, মৌলভীবাজার পৌরসভার চেয়ারম্যান সৈয়দ মহসিন আলী, জেলা প্রশাসক জি কে এম নুরুল আমিন, পুলিশ সুপার এম মজহারুল ইসলাম, সৈয়দ আবদুল মতিন ও আবদুল ওয়াদুদ। শুভেচ্ছা বক্তব্য রাখেন মিসবাহুদ্দোজা ডেলাই, আসকির খান, সুন্দর বখশ, নির্মল চন্দ্র দেব, সাহিদুজ্জামান আনসার, মোহন মিয়া, দ্বিজেন্দ্র কুমার দে, আফতাব উদ্দিন, জাকির হোসেন ও সিরাজুল ইসলাম ছানা। শিক্ষার সমস্যা ও উন্নয়ন বিষয়ক প্রতিবেদন পাঠ করেন আশরাফ হোসেন, আবদুল খালিক ও কাবেরী রায়। সভা পরিচালনা করেন হাবিবুল্লাহ।

মওলানা মুফজ্জল হোসেন মহিলা কলেজের প্রতিষ্ঠাতা হচ্ছেন বিশিষ্ট অর্থনীতিবিদ, বাংলাদেশ উন্নয়ন পরিষদের চেয়ারম্যান, ডঃ কাজী খলিকুজ্জামান আহমদ।